FEB. 1[illegible] 2001

পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

## রাবি ছাত্রলীগের দু গ্রুপ মুখোমুখি

# যেকোন মুহূর্তে বেধে যেতে পারে রক্তক্ষয়ী সংঘর্ষ

**রাজশাহী থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুগ্রুপের মধ্যকার পরিস্থিতি বর্তমানে বিস্ফোরণোন্মুখ হয়ে উঠেছে। অভ্যন্তরীণ কোন্দলে জর্জরিত ছাত্রলীগের দু গ্রুপের মধ্যে যেকোন মুহূর্তে বেধে যেতে পারে রক্তক্ষয়ী সংঘর্ষ। বিরাজমান এ উত্তপ্ত পরিস্থিতির অবসানে অনতিবিলম্বে কেন্দ্রীয় হস্তক্ষেপ কামনা করেছে রাবি শাখা ছাত্রলীগের সভাপতি শফিক গ্রুপের নেতা-কর্মীরা। গত ১০ই ফেব্রুয়ারি এক সাংবাদিক সম্মেলনে শফিক গ্রুপের নেতা-কর্মীরা ছাত্রলীগের মধ্যে লুকিয়ে থাকা প্রতিক্রিয়াশীল ও সন্ত্রাসীদের বহিষ্কার এবং গত বিজয় দিবসের দিন শফিকসহ বিশ্ববিদ্যালয় শাখার আরও তিন নেতার ওপর হামলাকারীদের গ্রেফতার দাবি করেছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকেও সন্ত্রাসীদের বিতাড়ণের জন্য শফিক গ্রুপের নেতা-কর্মীরা সাংবাদিক সম্মেলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আবেদন জানিয়েছেন।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দপ্তর সম্পাদক তৌহিদুল করিম কল্লোল, যুগ্ম সম্পাদক আবিদ হোসেন মিলন এবং সহ-সম্পাদক তাজমুল ইসলাম তাজু সংবাদ সম্মেলনে জানান, গত বিজয় দিবসের দিন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আহসানুল হক পিন্টু একদল সন্ত্রাসীকে সাথে নিয়ে হাবিবুর রহমান হলের ২৪৫ নম্বর কক্ষে সশস্ত্র হামলা চালায়। এ হামলায় ছাত্রলীগ রাবি শাখার সভাপতি শফিক, সহ-সম্পাদক তাজমুল ইসলাম তাজু ও যুগ্ম সম্পাদক আবিদ হোসেন মিলনসহ আরও কয়েকজন নেতা-কর্মী গুরুতর আহত হন। শফিক বর্তমানে ঢাকার পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

শফিক গ্রুপের নেতৃবৃন্দ জানান, এর পরও সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি। তাদের অভিযোগ মতে, শফিকের ওপর হামলার পর কয়েকদিন পুলিশি তৎপরতা লক্ষ্য করা গেলেও বর্তমানে সন্ত্রাসীরা ক্যাম্পাসে বহিরাগতদের সাথে নিয়ে বীরদর্পে ঘুরে বেড়াচ্ছে।

জানা যায়, বর্তমানে ক্যাম্পাসে প্রায় প্রতিদিনই ছাত্রলীগের ২টি করে মিছিল বের হয়। শফিক গ্রুপের মিছিলের শ্লোগানে সন্ত্রাসীদের গ্রেফতার করার, অন্যদিকে পিন্টু গ্রুপের মিছিল থেকে মিথ্যা মামলা তুলে নেয়ার দাবি জানানো হয়। জানা যায়, এ সুযোগে একটি পক্ষের মিছিলে নগরীর চিহ্নিত সন্ত্রাসী এবং মাদক বিক্রেতারাও অংশ নিয়ে থাকে। ছাত্রলীগের মিছিল করতে ক্যাম্পাসে আসা বহিরাগত সন্ত্রাসীরা বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিবেশের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। শফিক গ্রুপের নেতা-কর্মীরা উপাচার্য বরাবর আবেদন করেও এসব সন্ত্রাসীকে ক্যাম্পাস ছাড়া করতে উদ্যোগ নেয়ার ব্যাপারে ব্যর্থ হয়েছেন বলে অভিযোগ করা হয়েছে।

এদিকে ছাত্রলীগ রাবি শাখার সাধারণ সম্পাদক আহসানুল হক পিন্টু জানান, শফিক গ্রুপের নেতা-কর্মীরা সাংবাদিক সম্মেলনে তার বিরুদ্ধে যেসব অভিযোগ এনেছে, তা মিথ্যা এবং তার ভাবমূর্তি ক্ষুণ্ন করার একটি প্রয়াস। তিনি অবিলম্বে তার